# উত্তর কোরিয়ায় আত্মহত্যা চেষ্টাও অপরাধ, বেঁচে গেলে মৃত্যুদণ্ডের শাস্তি



সংগৃহীত ছবি

উত্তর কোরিয়ায় বহু আগে থেকেই আত্মহত্যা কঠোরভাবে নিষিদ্ধ। তবে এবার দেশটির সর্বোচ্চ নেতা কিম জং উন এই নীতিতে আরও ভয়াবহ মাত্রা যোগ করেছেন। নতুন নির্দেশনায় বলা হয়েছে, কেউ আত্মহত্যার চেষ্টা করে যদি বেঁচে যান, তবে তাকেও মৃত্যুদণ্ডের মুখোমুখি হতে হবে। অর্থাৎ, ব্যর্থ আত্মহত্যাকারীর জন্যও অপেক্ষা করছে মৃত্যুই।

দক্ষিণ কোরিয়ার গোয়েন্দা সংস্থার তথ্যমতে, চলমান অর্থনৈতিক সংকটের কারণে দেশটিতে আত্মহত্যার ঘটনা আশঙ্কাজনকভাবে বেড়েছে। গত বছরের তুলনায় এ বছর আত্মহত্যার হার ৪০ শতাংশের বেশি বৃদ্ধি পেয়েছে।

দক্ষিণ কোরিয়ার জাতীয় গোয়েন্দা সংস্থার এক মুখপাত্র বলেন, “উত্তর কোরিয়ায় এখন ভয়াবহ মানবিক সংকট চলছে। সাধারণ মানুষ অনাহারে দিন কাটাচ্ছে, যা মানসিক বিপর্যয় ও আত্মহত্যার প্রবণতা বাড়াচ্ছে।”

LENS ASIA

সম্প্রতি রায়ংগং প্রদেশে অনুষ্ঠিত এক বৈঠকে বিষয়টি নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয়। সেখানে কর্মকর্তারা জানান, অনাহারে মৃত্যুর তুলনায় আত্মহত্যার ঘটনা সমাজে বড় ধরনের প্রভাব ফেলছে। বৈঠকে একজন ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, “যদিও জেনারেল সেক্রেটারি আত্মহত্যা প্রতিরোধে কঠোর নির্দেশ দিয়েছেন, কর্মকর্তারা কার্যকর কোনো সমাধান দিতে পারছেন না। কারণ আত্মহত্যার পেছনে মূল কারণ হচ্ছে দারিদ্র্য ও খাদ্যাভাব, যা এখনও নিয়ন্ত্রণে আসেনি।”